

নং- বিএফটিআই/আরজেএসসি ট্রেনিং(ব্যাচ-৩)/৬৩.০৭(৩)/২০২৬/২৬২

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১লা জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

নোটিশ

বিষয়: আরজেএসসিতে নিবন্ধন ও রিটার্ন দাখিলে দক্ষ পেশাজীবী সৃজনে 'Enhancing Professional Skills for Registration and Return Filing at RJSC' শীর্ষক ৩ মাস ব্যাপী প্রশিক্ষণ।


যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)-এর সেবাগ্রহীতাগণকে কোম্পানি আইনের আলোকে আরজেএসসি-তে নির্ভুলভাবে কোম্পানি নিবন্ধন ও রিটার্ন দাখিলের জন্য দক্ষ পেশাজীবী সৃজনের নিমিত্ত কোম্পানি আইন ও অনলাইন রিটার্ন দাখিলের বিষয়ে সম্যক ধারণা দিতে 'Enhancing Professional Skills for Registration and Return Filing at RJSC' শীর্ষক ৩ মাস (সপ্তাহে ২ দিন) ব্যাপী প্রশিক্ষণ (তৃতীয় ব্যাচ) আরজেএসসি-এর সহায়তায় বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই) জুলাই, ২০২৬ মাসের দ্বিতীয় সপ্তাহে বিএফটিআই'র একাডেমিক ব্লক, টিসিবি ভবন (৫ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকায় আয়োজন করতে যাচ্ছে।

বাণিজ্য মন্ত্রণালয়, আরজেএসসি, বিএসইসি, বিএফটিআই, আইসিএবি, আইসিএসবি'র প্রশিক্ষক এবং স্বনামধন্য শিক্ষাবিদরা এই প্রশিক্ষণ কোর্সের সেশন পরিচালনা করবেন। প্রশিক্ষণটি ব্যবহারিক ও অত্যন্ত ইন্টারেক্টিভ হবে। উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সার্টিফিকেট প্রদান করা হবে।

প্রশিক্ষণের সময়সূচী এবং নিবন্ধনের বিশদ বিবরণ

প্রশিক্ষণের সময়কাল	:	১৫ জুলাই ২০২৬ থেকে ১৫ অক্টোবর ২০২৬।
সপ্তাহে ২ দিন	:	বুধবার এবং বৃহস্পতিবার।
প্রশিক্ষণ ফি	:	৫০,০০০ টাকা (ভ্যাট এবং ট্যাক্স ব্যতীত) (প্রশিক্ষণ ফি এর মধ্যে আপ্যায়ন ব্যয়, প্রশিক্ষণ সামগ্রী ও ব্যাগ অন্তর্ভুক্ত)।
সময়	:	বিকাল ৩:০০ থেকে সন্ধ্যা ৬:১০।
অর্থপ্রদানের পদ্ধতি	:	বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউটের অনুকূলে নগদ বা অ্যাকাউন্ট পেয়ি চেক বা পে-অর্ডারের মাধ্যমে।
যোগাযোগের ঠিকানা	:	বিএফটিআই, টিসিবি ভবন (৫ম তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা- ১২১৫।
নিবন্ধনের শেষ সময়	:	৯ জুলাই ২০২৬ (বিকেল ৫.০০ ঘটিকা)।

উল্লেখ্য যে, বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই) উক্ত প্রশিক্ষণের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে। প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন বিষয়ে তথ্যের জন্য জনাব এইচ এম সায়মন, রিসার্চ ম্যানেজার, বিএফটিআই'র সাথে (মোবাইল: +৮৮০১৭৪৩-৪৪৫৫৮৬, ই-মেইল: hmsimon.bfti@gmail.com) অথবা জনাব মুহাম্মদ সেলিম মিয়া, সহকারী নিবন্ধক, আরজেএসসি (মোবাইল: ০১৭২৬৬৮৭৭১৯, ই-মেইল: assistant_registrar12@roc.gov.bd) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। 'First Come First Served' ভিত্তিতে প্রশিক্ষণ কোর্সে সর্বোচ্চ ৩৫ জন অংশগ্রহণকারীকে অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।


০৭/০৭/২০২৬

ড. সাইফ উদ্দিন আহম্মদ (যুগ্মসচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বাণিজ্য মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ভবন নম্বর: ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. নিবন্ধক (অতিরিক্ত সচিব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা অফিস (প্রধান কার্যালয়), টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
৩. সভাপতি, দ্য ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।
৪. সভাপতি, দ্য ইনস্টিটিউট অফ কন্স্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (আইসিএমএবি), আইসিএমএ বিল্ডিং, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
৫. সভাপতি, ইনস্টিটিউট অফ চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ, (আইসিএসবি) পদ্মা লাইফ টাওয়ার (৮ম তলা), ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলা মোটর, ঢাকা-১০০০।
৬. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৭. সভাপতি, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স বাংলাদেশ (আইসিসিবি), র্যাঙ্কাস এফসি স্কয়ার (ষষ্ঠ তলা), প্লট-৬/এ, রোড-৩২, গুলশান এভিনিউ, ঢাকা-১২১২।
৮. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ৬৫-৬৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৯. সভাপতি, মেট্রোপলিটান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই), চেম্বার বিল্ডিং, ১২২-১২৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১০. সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই), ডব্লিউটিসি ভবন, ১০৫ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।
১১. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), ৭/৭-এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা।
১২. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), ইউটিসি ভবন (৯ম তলা), ৮ পাছপথ, ঢাকা- ১২১৫।
১৩. সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই), বিসিআইসি ভবন (৪র্থ তলা), ৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।